দৈনিক জনকণ্ঠ

তারিখ 20 JUN 1994
পৃষ্ঠা ১ কলাম ৪

142

ফরম পূরণে জটিলতা

# চার শ' ছাত্রছাত্রীর পরীক্ষায় অংশগ্রহণ অনিশ্চিত

আহমেদ দীপু

চলতি বছরে আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সিদ্ধেশ্বরী ডিগ্রী ও লালমাটিয়া মহিলা কলেজসহ বিভিন্ন কলেজের প্রায় চার শ' ছাত্রছাত্রীর অংশগ্রহণ অনিশ্চিত হয়ে পড়ছে। কলেজ কর্তৃপক্ষ যথাসময়ে 'স্টুডেন্ট ইনফরমেশন ফরম' জমা দিতে না পারার জন্য এই অবস্থার সৃষ্টি হয়েছে। খবর সংশ্লিষ্ট সূত্রের। (শেষ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)

## চার শ' ছাত্রছাত্রীর

(প্রথম পাতার পর)

আগামী আগস্ট মাস থেকে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষা প্রথমবারের মতো কম্পিউটার পদ্ধতিতে নেয়া হচ্ছে। সূত্র জানিয়েছে, এই পদ্ধতিতে প্রতিটি ছাত্রছাত্রীকে কম্পিউটারাইজড ফরম পূরণ করতে হয়েছে, যা কম্পিউটারের মেমোরিতে থাকবে। এসআইএফ ফরমটি বেশ কিছু ছাত্রছাত্রী পূরণ না করেই তাদের পরীক্ষা-সংক্রান্ত অন্যান্য কাগজপত্র কলেজ কর্তৃপক্ষের কাছে দাখিল করে। কলেজ কর্তৃপক্ষও 'এসআইএফ'-এর ব্যাপারে কোন গুরুত্ব না দিয়ে বোর্ড কর্তৃপক্ষের কাছে ছাত্রছাত্রীদের অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়েছে। শিক্ষা বোর্ডের কর্মকর্তাদের হাতে এসব কাগজপত্র যাওয়ার পরই সমস্যাটি প্রকট আকার ধারণ করে। এরপর বোর্ড থেকে সংশ্লিষ্ট কলেজসমূহে কেন 'এসআইএফ' পূরণ করা হয়নি তার কারণ জানতে চেয়ে চিঠি পাঠানো হয়। অধিকাংশ কলেজই এই চিঠির জবাব দেয়নি। যারা দিয়েছে তাদের জবাবও সন্তোষজনক নয়। লালমাটিয়া মহিলা কলেজের কাছে জানতে চাওয়া হলে তারা জানায়, ছাত্রীরা ফরম পূরণ না করেই বাড়ি চলে গেছে। তাদের খবর দিয়ে নিয়ে আসতে দেরি হওয়ায় তারা যথাসময়ে প্রয়োজনীয় কাগজ জমা দিতে পারেনি। সূত্র জানায়, এসব বেসরকারী কলেজ থেকে বিভিন্ন কোচিং সেন্টারের ছাত্রছাত্রী পরীক্ষা দিয়ে থাকে। শিক্ষকরা এদের ব্যাপারে তেমন গুরুত্ব না দেয়ার জন্য এই ধরনের ঝামেলার সৃষ্টি হয়েছে।

এ ব্যাপারে শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের সঙ্গে যোগাযোগ করা হয়। তিনি বলেন, এদের পরীক্ষা নেয়ার ব্যাপারে শিক্ষা সচিবের সঙ্গে আলোচনা করা হচ্ছে। তবে এরা আদৌ পরীক্ষা দিতে পারবে কিনা তা এখনও নিশ্চিত নয় বলে তিনি উল্লেখ করেন।